

## Model Activity Task 2022 February

### Class 6 | History | Part-2

# মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২। ফেব্রুয়ারী ষষ্ঠ শ্রেণী। ইতিহাস। পার্ট -২। পূর্ণমান -২০

### ১ শুণ্যস্থান পূরণ কর

- (ক) সবচেয়ে পূরনো আদিম মানুষের খোজ পাওয়া গেছে **আফ্রিকায়**  
(খ) পাথরের যুগকে সাধারণ ভাবে **তিনটি** পর্যায়ে ভাগ করা হয়।  
(গ) আদিম মানুষ প্রথম কৃষিকাজ শেখে **নতুন পাথরের** যুগে।

### ২ ঠিক ভুল নির্ণয় কর

- (ক) হাতিয়ারের বিবর্তন আদিম মানুষের জীবনে পরিবর্তন ঘটিয়েছিল। **ঠিক**  
(খ) আদমগড়ের মানুষ পশুপালন করতে শিখেছিল। **ঠিক**  
(গ) ভীমবেটকার গুহাগুলি উত্তরপ্রদেশে অবস্থিত। **ভুল**

### ৩ স্তুতি মেলাও

ক স্তুতি	খ স্তুতি
হোমো হাবিলিস	দক্ষ মানুষ
হোমো ইরেক্টাস	সোজা হয়ে দাঢ়াতে পারা মানুষ
হোমো স্যাপিয়েন্স	বুদ্ধিমান মানুষ

### ৪ দু- তিনটি বাকেয় উত্তর দাও:

- (ক) ভীমবেটকার গুহার দেওয়ালে কেমন ধরণের ছবি পাওয়া গেছে?

উঃ ভীমবেটকার গুহার দেওয়ালে পূরনো পাথরের যুগের মানুষের আঁকা ছবি পাওয়া গেছে। নানা রকমের শিকারের দৃশ্য, বন্য পশু, পাখি, মাছ এমনকি কাঠবেড়ালির চিত্র পাওয়া গেছে। এছাড়া দেখা যায় মানুষ একা বা দল বেধে শিকার করছে। তাদের কারো কারো মুখে মুখোশ, হাতে গয়না, সঙ্গে আবার কুকুর থাকত। এইসব ছবিতে সবুজ ও হলুদ রং থাকলেও লাল ও সাদা রঙের ব্যবহার বেশি দেখা যায়।

- (খ) পুরোনো পাথরের যুগে আদিম মানুষের জীবন কেমন ছিল?

উঁ: পুরনো পাথরের যুগের মানুষেরা কৃষিকাজ বা পশুপালন জানত না। তারা পাথরের তৈরি ভোঁতা হাত কুঠার ব্যবহার করে ঘুরে ঘুরে শিকার করে ও ফলমূল খেয়ে জীবন ধারণ করত। তাদের কোন স্থায়ী বসতি ছিল না, তারা পাহাড়ের গুহায় আশ্রয় গ্রহণ করত। তারা পোশাক তৈরি করতে জানত না, তাই প্রচল্প ঠাণ্ডা থেকে বাচতে তারা গাছের ছাল ও পশুর চামড়া পরিধান করত। আসলে পুরোনো পাথরের যুগে আদিম মানুষের জীবন ছিল বেশ কঠিন ও কঢ়ের।

#### (গ) আগন্তনের ব্যবহারের ফলে মানুষের জীবনে কি কি পরিবর্তন এসেছিল?

উঁ: আগন্তনে ব্যবহার শেখার ফলে আদিম মানুষের জীবনে নানা গঠনমূলক পরিবর্তন দেখা গেল। শীতের ও অন্যান্য বন্য পশুর আক্রমণ থেকে তারা আত্মরক্ষা করতে পারল। কাঁচ মাংস খাওয়ার বদলে তারা আগন্তনে ঝলসানো মাংস খাওয়ায় তাদের দাঁত ও চোয়াল ছোট হয়ে এল। সুষম খাদ্যের ফলে তাদের মস্তিষ্কের বিকাশ ঘটল। শরীর ও বৃদ্ধির জোর বাড়ল।

#### ৫ আট দশটি বাক্যে উত্তর দাও:

##### যায়াবর মানুষ কীভাবে স্থায়ীভাবে বসবাস শুরু করেছিল?

উঁ: আদিম মানুষ যায়াবর ছিল কারণ তারা প্রথমদিকে পশুপালন কিংবা কৃষিকাজ কোনোটিই জানতো না। কিন্তু ধীরে ধীরে মানুষ যখন নতুন পাথরের যুগের পৌঁছল তখন তারা জানতে পারল বীজ থেকে চারা গাছ হয় এবং চারা গাছ থেকে হয় বড় উদ্ভিত, ধার থেকে ফসল পাওয়া যায়। এইভাবেই মানুষ খাদ্য উৎপাদন করতে শিখল। এইভাবে আর খাবার খোজার প্রয়োজন থাকল না, এবং কৃষি কাজের প্রয়োজনে মানুষ চাষের খেতের পাশেই তার বসতি গড়ে তুলল। ফলে মানুষের যায়াবরের মতো খবার আর আশ্রয়ের সন্ধানের প্রয়োজন রইল না। চাষ করার ফলে পশুপালন ও সহজ হয়ে গেল, ফসলের অতিরিক্ত মানুষ পশু খাদ্য হিসাবে ব্যবহার করতে শুরু করল। এই ভাবেই নতুন পাথরের যুগে মানুষ স্থায়ীভাবে বসবাস করতে শুরু করল।